# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd;

স্মারক নং ঃ সিশিবো/কঃ শাঃ/২০১৯/৫১৩

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী যাদের সিলেট শিক্ষা বোর্ডের আওতায় কলেজ পরিবর্তন প্রয়োজন তারা আগামী ০৯/১২/২০১৯ খ্রিঃ তারিখ থেকে ০৮/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত উপায়ে অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের পদ্ধতি নিম্নরূপঃ

১. প্রথমে সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব-সাইট www.sylhetboard.gov.bd এ গিয়ে Online Application এর e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যুতে ক্লিক করে নির্দেশনা অনুসারে তথ্য প্রদান করলে আবেদনকারীর বিবরণ পাওয়া যাবে। যে কলেজে যেতে ইচ্ছুক সে কলেজ নির্বাচন করতে হবে। উল্লেখ্য, অনুরূপ গ্রুপ, অনুরূপ বিষয়, অনুরূপ ভার্সন, ন্যুনতম জিপিএ ও খালি আসন থাকা সাপেক্ষেই কলেজ নির্বাচন করা যাবে। শিক্ষার্থীকে একটি নির্দিষ্ট মোবাইল নম্বর দিতে হবে। আবেদন Submit হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে ও আপডেট জানতে পারবে।

২. আবেদন Submit করার পর Print মেন্যু থেকে আবেদন কপি প্রিন্ট করা যাবে।

৩. শিক্ষার্থী আবেদন করার পর অধ্যয়নরত কলেজ অর্থাৎ প্রথম (নিজ) কলেজ একটি SMS পাবে। তখন কলেজ বোর্ডের ওয়েবসাইটে গিয়ে 'Institutional Panel' মেন্যুতে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং Password দিয়ে login করে 'TC Application' মেন্যুতে ক্লিক করলে টিসির আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান শিক্ষার্থীর অধ্যয়নরত শ্রেণি (একাদশ), গ্রুপ, বিষয়, ভার্সন ইত্যাদি যাচাইপূর্বক আবেদনটি Forward অথবা Reject করবে। উল্লেখ্য আবেদন 'Institutional Panel' এ আসার সাত দিনের মধ্যে Forward/Reject না করলে তা Auto Forward হয়ে যাবে।

৪. প্রথম কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ ২য় কলেজ ১ টি SMS পাবে। তখন কলেজ 'Institutional Panel' মেন্যুতে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং Password দিয়ে login করে 'TC Application' মেন্যুতে ক্লিক করলে টিসির আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনকারী শিক্ষার্থীর অধ্যয়নরত শ্রেণি (একাদশ), গ্রুপ, বিষয়, ভার্সন, আসন সংখ্যা, জিপিএ, ইত্যাদি যাচাইপূর্বক আবেদনটি Forward/Reject করবে। উল্লেখ্য, ০২ (দুই) দিনের ভিতর ২য় কলেজ Forward/Reject না করলে তা Auto Forward হয়ে যাবে, আবেদন Forward/Auto Forward হওয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে। ২য় কলেজ কর্তৃক আবেদন Forward/Auto Forward হওয়ার ২(দুই) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে ফি জমা দিতে হবে। অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Online Application এর e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যু এর 'আবেদনের সর্বশেষ অবস্থা' থেকে Sonali Slip প্রিন্ট করে নির্ধারিত সময়ের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখায় ফি জমা দিতে হবে। যথাসময়ে ফি জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে।

৫. টিসি এর জন্য আবেদনকৃত কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি নির্ধারিত সময়ের মধ্যে জমা হওয়ার পর বোর্ড কর্তৃক টিসির আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। টিসি আবেদন অনুমোদন হলে আবেদনকারী একটি SMS পাবে। তখন বোর্ডের ওয়েবসাইটে গিয়ে Online Application এর e-TC মেন্যু থেকে ''আবেদনের সর্বশেষ অবস্থা'' বাটনে ক্লিক করে আবেদনের আইডি এবং পিন নম্বর দিয়ে login করে 'TC Order' বাটন থেকে TC Order প্রিন্ট করে নির্দেশনা অনুসারে কলেজে ভর্তি হতে হবে।

৬. আবেদনকারী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে তা জানার জন্য বোর্ডের ওয়েবসাইটে Online Application এর e-TC (ছাড়পত্রের আবেদন) মেন্যুতে গিয়ে 'আবেদনের সর্বশেষ অবস্থা' বাটনে ক্লিক করে আবেদনের আইডি এবং পিন নম্বর দিয়ে তার আবেদনের অবস্থা জানতে পারবে।

৭. প্রতিদিন অন্ততঃ একবার বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে TC সংক্রান্ত বিষয়ে নজর রাখতে প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়গণেকে অনুরোধ করা গেল।

৮. অত্র শিক্ষা বোর্ড থেকে অন্য শিক্ষা বোর্ডের অধীনে ভর্তির নিমিত্তে টিসি'র আবেদন অনলাইনে করা যাবে না, এর জন্য নির্ধারিত ফরমে অত্র শিক্ষা বোর্ডে আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে ঃ

১। সিস্টেম এনালিষ্ট, অত্র শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৩। সংরক্ষণ নথি।

E:\Rabeya\Biggopti -\T.C Instraction (Unicoude 27.11.19)..doc